



ব্র্যাক বাংলাদেশ উন্নয়নগত কর্মসূচী, উন্নয়নগত কর্মসূচী  
কর্মসূচী

**Job Category:** NGO/Development

**Job Source:** [ব্র্যাক](#) [কর্মসূচী](#) [কর্মসূচী](#)

## Job Summary

**Posted On:** 6 Dec 2024

**Application Deadline:** 25 Dec 2024

## নিয়োগ বিজ্ঞপ্তি

ব্র্যাক বিশ্বের সর্ববৃহৎ বেসরকারি উন্নয়ন সংস্থা, যা ১৯৭২ সালে বাংলাদেশে প্রতিষ্ঠা লাভ করে। দারিদ্র্য ও বৈষম্যের মধ্যে বসবাসরত বিশ্বের ১০ কোটিরও বেশি মানুষের পাশে থেকে ব্র্যাক তাদের সম্ভাবনাময় জীবনের সুযোগ সৃষ্টির লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

প্রান্তিক জনগোষ্ঠীর জীবন ও জীবিকার উন্নয়নে সহায়তার মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়ন ও টেকসই দারিদ্র্য বিমোচনে ব্র্যাক মাইক্রোফাইন্যান্স কর্মসূচি দেশজুড়ে ৩,০০০ শাখার মাধ্যমে প্রায় ১ কোটি গ্রাহককে আর্থিক সেবা প্রদান করছে, যার মধ্যে ৮৯% নারী গ্রাহক।

ব্র্যাক মাইক্রোফাইন্যান্স দাবি কর্মসূচি পরিবারের সদস্য হয়ে দেশের আর্থসামাজিক উন্নয়নের একজন সহযোগী হিসেবে কাজ করতে আগ্রহী ও যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিম্নলিখিত পদে আবেদন করার জন্য আহ্বান করা হচ্ছে।

### ট্রেইনি কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার, মাইক্রোফাইন্যান্স দাবি

দায়িত্বসমূহঃ মাঠপর্যায়ে প্রান্তিক জনগোষ্ঠীকে আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিতকরণের মাধ্যমে উৎপাদন বা সেবামূলক কাজে সহায়তা করে দারিদ্র্য দূরীকরণের পাশাপাশি সামাজিকভাবে ক্ষমতায়নে সহায়তা করা। সমিতিতে ঋণ বিতরণ এবং ঋণ আদায়, ঋণী বৃদ্ধি, সঞ্চয় আদায় এবং উত্তোলন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী।

শিক্ষাগত যোগ্যতাঃ যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রি।

কর্মস্থলঃ ব্র্যাক মাঠ কার্যালয় (বাংলাদেশের যে কোন জায়গায় কাজ করার মানসিকতা থাকতে হবে)।

আর্থিক সুবিধাসমূহঃ শিক্ষানবিশকালে (৬ মাস) মাসিক বেতন সর্বসাকুল্যে ২৩,০০০/- টাকা। শিক্ষানবিশ-কাল সফলভাবে শেষ করার পর চাকুরি নিয়মিত করা হবে, তখন মাসিক বেতন সর্বসাকুল্যে ৩০,১৭৪/- টাকা হবে। এছাড়াও সংস্থার নীতি অনুযায়ী প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, ইনসেন্টিভ, পারফরম্যান্স বোনাস এবং বেস্ট এ্যাওয়ার্ড, যাতায়াত ভাতা, স্বাস্থ্য ও জীবন বীমা এবং উৎসব ভাতা প্রদান করা হবে।

অন্যান্যঃ মাতৃত্ব/ পিতৃত্বকালীন ছুটির পাশাপাশি কর্মীর পারফরম্যান্স সন্তোষজনক হলে প্রতিষ্ঠানের নীতি অনুযায়ী উচ্চতর পদে উন্নীত হবার সুযোগ রয়েছে।

আগ্রহী প্রার্থীদের আগামী ২৫ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে [careers.brac.net](http://careers.brac.net) অথবা [www.bdjobs.com](http://www.bdjobs.com) এর মাধ্যমে আবেদন করতে হবে।

প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে মোটরসাইকেল চালনায় পারদর্শীদের অগ্রাধিকার দেওয়া হবে।

মাইক্রোফাইন্যান্সে অভিজ্ঞ কর্মী/ বিক্রয় বা বিপণন সংস্থায় বিক্রয় প্রতিনিধি হিসাবে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে।

ব্র্যাক বিশ্বাস করে, প্রতিষ্ঠানের সঙ্গে সংশ্লিষ্ট কর্মী, সহযোগী সংস্থাসমূহ, কর্মসূচির অংশগ্রহণকারী এবং জনগোষ্ঠীর যে কোন ধরনের ক্ষতি, নিপীড়ন, অবহেলা, হয়রানি ও শোষণ বিশেষ করে যৌন হয়রানি ও নির্যাতন থেকে প্রত্যেকেরই সুরক্ষা পাওয়ার অধিকার রয়েছে। ব্র্যাক বয়স, জাতি, ধর্ম, লিঙ্গ, প্রতিবন্ধিতা, গোষ্ঠীগত ও আর্থসামাজিক পরিচয় নির্বিশেষে সকলের জন্য মানবিক মর্যাদা এবং অন্তর্ভুক্তির অধিকারকে সমর্থন করে। সম-সুযোগ প্রদানকারী নিয়োগ প্রতিষ্ঠান হিসেবে ব্র্যাক নারী, লিঙ্গ বৈচিত্র্যপূর্ণ ব্যক্তি এবং প্রতিবন্ধী ব্যক্তিদের চাকরিতে আবেদনকে উৎসাহ প্রদান করে এবং স্বাগত জানায়। ব্র্যাক এমন একটি সংস্কৃতির চর্চা করে, যেখানে প্রতিটি মানুষই তার নিজস্ব সম্ভাবনা বিকাশের সুযোগ পাবে।

চাকরি পাওয়ার ক্ষেত্রে যে কোন ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

নির্বাচিত প্রার্থীদের যথাযথ রেকর্ডেল এবং ব্যাকগ্রাউন্ড চেকিং প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে যার মধ্যে পুলিশ ভেরিফিকেশন অন্তর্ভুক্ত থাকতে পারে।

নিয়োগ প্রত্যাশী প্রার্থীদের কোন প্রকার আর্থিক লেনদেন না করার জন্য অনুরোধ করা হল এবং এই ধরনের আর্থিক লেনদেনের ব্যাপারে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

মাইক্রোফাইন্যান্স ডেভেলপমেন্ট অফিসারি সনদ নম্বরঃ ০০৪৮৮-০০১৮৬-০০০৬৫